

## সমবায় বাজার কনসোর্টিয়াম লি: বা "স বা ক"

ভূমিকা :

উৎপাদনমুখী সমবায় সমিতিগুলো দেশের বিদ্যমান পণ্যচাহিদার একটি সন্তোষজনক অংশ যোগান দিতে সক্ষম হলেও পণ্য পরিবহণ, সংরক্ষণ, মাননিয়ন্ত্রণ ও যথাযথ বাজারজাতকরণ সুবিধার অপ্রতুলতার কারণে তারা তাদের উৎপাদিত পণ্যের ন্যায্যমূল্য থেকে বঞ্চিত হচ্ছে। তদুপরি, সমবায়ী ও সমবায়ী প্রতিষ্ঠানগুলো তাদের উৎপাদিত পণ্য বিক্রির উপযুক্ত প্ল্যাটফরম পায়না বিষয় ফড়িয়া ও মধ্যস্বল্পভোগী ব্যবসায়ীর কাছে তৃণমূল পর্যায়েই স্বল্পমূল্যে পণ্য বিক্রি করতে বাধ্য হয়। এসব মধ্যস্বল্পভোগী ব্যবসায়ী উক্ত পণ্যসামগ্রী শহরাঞ্চলে চড়া দামে বিক্রি করে। অসাধু ব্যবসায়ী চক্রের কবল থেকে উৎপাদক ও ভোক্তাসাধারণের মুক্তির লক্ষ্য নিয়েই যাত্রা শুরু করে সমবায় বাজার কনসোর্টিয়াম লি: বা "সবাক" ।

সংগঠন ও নিবন্ধন :

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীন সমবায় অধিদপ্তরের উদ্যোগে ও আঞ্চলিক সহযোগিতায় এ সমবায় প্রতিষ্ঠানটি ২০১২ সালের ০৩ মে একটি সমবায় সমিতিরূপে নিবন্ধন লাভ করে। গণতান্ত্রিক প্রক্রিয়ায় নির্বাচিত ব্যবস্থাপনা কমিটি কর্তৃক পরিচালিত এর বর্তমান সদস্য সমিতির সংখ্যা ৩৫১টি। সমবায় বাজার কনসোর্টিয়াম লি: এর অনুমোদিত শেয়ার মূলধন দেড় হাজার কোটি টাকা। নিবন্ধিত হওয়ার কয়েক মাসের মধ্যেই শেয়ার বাবদ ৪৯,৮০,০০০/- টাকা ও সঞ্চয় আমানত ৩৫,৮৭,৮৫০/- টাকা মোট ৮৬,১৫,৮২০/-টাকা কার্যকরী মূলধন গঠনে সক্ষম হয়েছে। সমিতির যাবতীয় কার্যক্রম প্রচলিত সমবায় সমিতি আইন, ২০০১ ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ মোতাবেক সাধারণ সভার সিদ্ধান্তের আলোকে ব্যবস্থাপনা কমিটি কর্তৃক পরিচালিত হয়।

উদ্দেশ্য :

- ক. সমবায়ী উদ্যোক্তা সৃষ্টি করা;
- খ. সমবায়ীদের উৎপাদিত পণ্যের উপযুক্ত বাজার সৃষ্টির মাধ্যমে তাঁদের ন্যায্যমূল্য নিশ্চিত করা;
- গ. দেশব্যাপী সমবায়ীদের উৎপাদিত পণ্যসামগ্রী সংগ্রহপূর্বক ফরমালিন ও বিষমুক্তভাবে ন্যায্যমূল্যে ভোক্তাসাধারণের নিকট পৌঁছে দেয়া;
- ঘ. মধ্যস্বল্পভোগী অসাধু ব্যবসায়ী চক্রের কবল থেকে উৎপাদক ও ভোক্তা স্বার্থ সংরক্ষণ;
- ঙ. সমবায়ীদের উৎপাদিত পণ্যের নিজস্ব ব্রান্ড সৃষ্টি করা ও

চ. উৎপাদনমুখী সমবায়ী ও সমবায় প্রতিষ্ঠানগুলোকে প্রয়োজনীয় পৃষ্ঠপোষকতা প্রদানপূর্বক তাঁদের উৎপাদনশীলতা বৃদ্ধির মাধ্যমে দেশের সামগ্রিক উৎপাদন বৃদ্ধি করা।

কার্যক্রম :

দেশব্যাপী সমবায়ীদের উৎপাদিত পণ্যসামগ্রী ফরমালিনমুক্ত ও বিষমুক্তভাবে ন্যায্যমূল্যে বাজারজাতকরণের লক্ষ্যে সমবায় অধিদপ্তরের তত্ত্বাবধানে সমবায় বাজার কনসোর্টিয়াম লি: বা "স বা ক" এর কার্যক্রম পরিচালিত হচ্ছে। প্রাথমিক পর্যায়ে সারাদেশে উৎপাদনমুখী সমবায় সমিতি ও সমবায়ী এবং তাদের উৎপাদিত পণ্যসামগ্রী চিহ্নিতকরণের কাজ শেষ হয়েছে এবং প্রয়োজনীয় ডাটাবেইজ তৈরীর কার্যক্রম অব্যাহত রয়েছে। বর্তমানে রাজধানী ঢাকা শহরের আগারগাঁওস্থ সমবায় ভবনের নীচ তলায় বিদ্যমান "স বা ক" এর একমাত্র বিক্রয়কেন্দ্রে সমবায়ীদের উৎপাদিত পণ্যসামগ্রী ন্যায্যমূল্যে বিক্রির পাশাপাশি ঢাকা শহরের বিভিন্ন স্থানে ব্রাম্যমাণ ট্রাকসেল করা হচ্ছে।

সমবায়ী পণ্যসামগ্রী বাজারকরণের যুগোপযোগী প্ল্যাটফরম হিসেবে একটি ওয়েবসাইট ([www.sbclbd.org](http://www.sbclbd.org)) সম্প্রতি চালু করা হয়েছে; যা মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গত ০১ নভেম্বর ২০১৪ খ্রিষ্টাব্দ তারিখে উদ্বোধন করা হয়েছে। ওয়েবসাইটটি হালনাগাদকরণের কার্যক্রম অব্যাহত রয়েছে।

ভবিষ্যৎ পরিকল্পনা :

১. সমবায় ভবনের নীচ তলায় বিদ্যমান "স বা ক" এর একমাত্র বিক্রয়কেন্দ্রের কলেবর বৃদ্ধির পাশাপাশি রাজধানী ঢাকা শহরসহ ০৭টি বিভাগীয় শহর ও জেলা শহরগুলোতে "স বা ক" এর আইটলেট স্থাপনের ভবিষ্যৎ পরিকল্পনা রয়েছে।

২. অনলাইন মার্কেটিং চালু।







